মেহেরপুরের রেডক্রিসেন্ট সোসাইটির নির্বাচন নিয়ে আইনী নোটিশ

দায়িত্বে অবহেলা ও সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন।

নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।দায়িত্বে অবহেলা করে সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট

মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন। নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।